



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/26/2024

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল জোন্স বীচে বার্ষিক 4 জুলাইয়ের আতশবাজির প্রদর্শনী সেট ঘোষণা করলেন

লং আইল্যান্ডের জনপ্রিয় সমুদ্রতীরের গন্তব্যের উপরের আকাশে আলোর প্রদর্শনী

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে 4 জুলাই, স্বাধীনতা দিবসে আরেকবার জোন্স বীচ স্টেট পার্কে (Jones Beach State Park) আতশবাজির প্রদর্শনী হবে, যা লং আইল্যান্ডের জনপ্রিয় সমুদ্রতীরের পার্কের আকাশকে আলোকিত করবে। জোন্স বীচের জোভিয়া ফাইন্যান্সিয়াল ক্রেডিট ইউনিয়ন আতশবাজির প্রদর্শনী (Jovia Financial Credit Union Fireworks Spectacular) হলো একটি 25 মিনিটের রংয়ের উদযাপন যা সকল বয়সের মানুষকে মুগ্ধ ও আনন্দিত করবে।

"আমাদের দেশের 248তম জন্মদিন, আমাদের স্টেট পার্কসের শতবর্ষ, এবং জোন্স বীচের 95তম জন্মদিন উদযাপন করার জন্য ফোর্থ অফ জুলাইয়ের আতশবাজির নিচে স্মৃতি তৈরিতে আপনারা আমাদের সাথে যোগদান করবে বলে আশা করছি," **গভর্নর হোকল বলেন।** "জোন্স বীচের উপর আমাদের আতশবাজি হলো একটি দারুণ গ্রীষ্মকালীন ঐতিহ্য এবং প্রদর্শনী এবং আমাদের স্টেটের পার্কে কী আছে তা গিয়ে দেখার জন্য আমি নিউ ইয়র্কবাসীকে উৎসাহিত করছি।"

গার্ডেন স্টেট ফায়ারওয়ার্কসের (Garden State Fireworks) প্রদর্শিত এবং পারফর্ম করা রঙবেরঙের বাজি অনুষ্ঠিত হবে 4 জুলাই বৃহস্পতিবার এবং তা রাত 9:30টায় শুরু হবে। আতশবাজির প্রদর্শনীর সাথে WALK 97.5 FM এবং KJOY-98.3 FM এর সাইমালকাস্ট সঙ্গীত পরিবেশিত হবে। আতশবাজির প্রদর্শনী দেখার জন্য কোনো বাড়তি মূল্য দিতে হবে না। স্বাভাবিক পার্কে প্রবেশের ফি প্রতি যানবাহনের জন্য 10 মার্কিন ডলার।

নিউ ইয়র্ক স্টেট পার্কসের (New York State Parks) কমিশনার প্রো টেম্পোর র্য়াল্ডি সিমোন্স বলেন, "একটি পার্ক সিস্টেম হিসেবে 100 বছর পূরণ করে এই বছরটি আমাদের জন্য বিশেষ। আমাদের শতবর্ষ এবং স্বাধীনতা দিবস উদযাপন করার জন্য সৈকতে আতশবাজির থেকে উত্তম আর কী হতে পারে। বহু পরিবার ও বন্ধুকে জোন্স বীচ স্টেট পার্কে একত্রিত করার লং আইল্যান্ডের এই গ্রীষ্মকালীন ঐতিহ্যকে সমর্থন করার জন্য জোভিয়া ফাইন্যান্সিয়াল ক্রেডিট ইউনিয়ন (Jovia Financial Credit Union) এবং আমাদের সকল স্পন্সরকে আমরা ধন্যবাদ জানাচ্ছি।"

জোভিয়া ফাইন্যান্সিয়াল ক্রেডিট ইউনিয়নের নেতৃত্বে স্পন্সর হওয়া এই বছরের কর্মসূচিটি সম্ভব করতে এছাড়াও সমর্থন করেছে ন্যাচারাল হেরিটেজ ট্রাস্ট (Natural Heritage Trust), ফাউন্ডেশন ফর দ্য লং আইল্যান্ড স্টেট পার্কস, ইনকর্পোরেটেড (Foundation for Long Island State Parks Inc.), নিউজডে (Newsday), কনেসিয়ার মিডিয়া লং আইল্যান্ড (Connoisseur Media Long Island) এবং J & B রেস্টুরেন্ট পার্টনার্স (J & B Restaurant Partners)।

জোভিয়া ফাইন্যান্সিয়াল ক্রেডিট ইউনিয়নের প্রধান বিপণন কর্মকর্তা রেনু ডালেসান্দ্রো বলেন, "জোভিয়াতে আমাদের সম্প্রদায়ের অংশ হওয়ার অর্থ শুধু লং আইল্যান্ডে বসবাস ও কাজ করা নয়, এর অর্থ হলো অবদান রাখা এবং ঐক্যের উদযাপন করা। পর পর চতুর্থ বছরের মতো জোস বীচে জোভিয়া ফাইন্যান্সিয়াল ক্রেডিট ইউনিয়ন আতশবাজি প্রদর্শনীর শিরোনাম স্পন্সর হতে পারা একটি সম্মানের ব্যাপার, এটি হলো জাতীয় গর্ব এবং দেশপ্রেমের চূড়ান্ত প্রতীক। উপস্থিত সকলের আকাশ ও হৃদয় আলোকিত করার জন্য এটি আমাদের প্রয়াস, এবং এই ঐতিহাসিক দিবস ও বার্ষিক ঐতিহ্যের অংশ হতে পারার সুযোগ আমাদের জন্য মূল্যবান।"

কনেসিয়ার মিডিয়া প্রধান পরিচালনা কর্মকর্তা ডেভিড বেভিন্স বলেন, "আমাদের দেশের জন্মদিন উদযাপনের জন্য জোস বীচে জোভিয়া ফাইন্যান্সিয়াল ক্রেডিট ইউনিয়ন আতশবাজি প্রদর্শনীর থেকে ভালো কিছু হতে পারে না। আমরা জানি এই প্রদর্শনী আকাশ এবং যারা দেখবে তাদের সকলের হৃদয়কে আলোকিত করবে। আমরা আশা করছি যে WALK 97.5 এবং KJOY 98.3 এ প্রদর্শনীর সঙ্গীতের সাইমালকাস্ট পরিবার, বন্ধু, এবং প্রতিবেশীদেরকে আনন্দ ও উদযাপনের একটি একক অভিজ্ঞতায় মিলিত করার ঐতিহ্য বজায় রাখবে। এর অংশ হতে পারা একটি সম্মানের বিষয়।"

নিউ ইয়র্ক স্টেট অফিস অব পার্কস, রিক্রিয়েশন অ্যান্ড হিস্টোরিক প্রিজারভেশন 250টিরও বেশি পার্ক, ঐতিহাসিক স্থান, বিনোদনমূলক পথ, গলফ কোর্স, বোট লঞ্চ এবং আরো অনেক কিছু তত্ত্বাবধান করে যা 2023 সালে রেকর্ড 84 মিলিয়ন দর্শনার্থী দেখেছিল। এর মধ্যে যেকোনো বিনোদন এলাকা সম্পর্কে আরো তথ্যের জন্য, parks.ny.gov ভিজিট করুন, বিনামূল্যে [NY স্টেট পার্কস এক্সপ্লোরার](https://parks.ny.gov) মোবাইল অ্যাপটি ডাউনলোড করুন বা 518.474.0456 নম্বরে ফোন করুন। পুরো 2024 সাল জুড়ে আমাদের শতবর্ষ উদযাপনে আমাদের সাথে যোগান করুন এবং [ফেসবুক](https://www.facebook.com/nyprhp), [ইনস্টাগ্রাম](https://www.instagram.com/nyprhp), [এক্স](https://www.youtube.com/nyprhp) (পূর্বেকার টুইটার) এবং [OPRHP](https://www.oprhp.org) ব্লগের মাধ্যমে [আমাদের সাথে সংযুক্ত হন](https://www.oprhp.org)।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে
টেক্সট পাঠান

[আনসাবস্কাইব করুন](https://www.oprhp.org)